

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১১৯/২০২২-২০২৩
ময়মনসিংহ, ২৩ মার্চ, বৃহস্পতিবার ২০২৩, ০৯ চৈত্র ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। ময়মনসিংহ সদর উপজেলার আরো ১১৪ গৃহহীন-ভূমিহীন পরিবার পেল স্থায়ী ঠিকানা
- ০২। ৭ এপ্রিল থেকে ট্রেনে ঈদের অগ্রিম টিকিট বিক্রি শুরু
- ০৩। স্মার্ট বাংলাদেশ গড়তে সুশিক্ষিত ও সুনাগরিক হতে হবে: সিটি মেয়র
- ০৪। ময়মনসিংহের তারাকান্দায় প্রধানমন্ত্রীর উপহার জমিসহ গৃহ পেলো ২১টি পরিবার
- ০৫। কমলো হজের খরচ, বাড়লো নিবন্ধনের সময়

০১। ময়মনসিংহ সদর উপজেলার আরো ১১৪ গৃহহীন-ভূমিহীন পরিবার পেল স্থায়ী ঠিকানা

বাংলাদেশের ভূমিহীন ও গৃহহীন মানুষের আবাসন নিশ্চিতকল্পে আশ্রয়ণ প্রকল্পের আওতায় ময়মনসিংহ সদর উপজেলায় প্রধানমন্ত্রীর উপহারের ঘর পেয়েছেন আরো ১১৪ জন ভূমিহীন ও গৃহহীন পরিবার। বুধবার (২২ মার্চ) প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ ঘরগুলোর উদ্বোধন করার পর ১১৪ জন সুবিধাভোগী পরিবারের মধ্যে ঘরগুলো হস্তান্তর করা হয়েছে বলে জানিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. শফিকুল ইসলাম। এর আগে সোমবার (২০ মার্চ) জমি ও গৃহ প্রদান কার্যক্রমের উদ্বোধন উপলক্ষ্যে প্রেস ব্রিফিং করে সদর উপজেলা প্রশাসন। সূত্র: দৈনিক স্বজন সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক সুবজ, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক দেশের খবর ও দৈনিক দিনের পালা।

০২। ৭ এপ্রিল থেকে ট্রেনে ঈদের অগ্রিম টিকিট বিক্রি শুরু

আগামী ২২ এপ্রিল পবিত্র ঈদুল ফিতর ধরে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রির সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশে রেলওয়ে কর্তৃপক্ষ। বুধবার (২২ মার্চ) দুপুরে রেল ভবনের সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজন। এসময় তিনি আরও জানান, ঈদের চাঁদ দেখার উপর নির্ভর করে ২২, ২৩ ও ২৪ এপ্রিলের টিকিট বিক্রি করা হবে। এবার ঈদের টিকিট শতভাগ অনলাইনে বিক্রি হবে বলেও জানানো হয়েছে। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক দিনের পালা।

০৩। স্মার্ট বাংলাদেশ গড়তে সুশিক্ষিত ও সুনাগরিক হতে হবে: সিটি মেয়র

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু বলেছেন, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করতে হলে সুশিক্ষিত ও সুনাগরিক হতে হবে। আমাদেরকে ধ্যান-ধারণা, কর্মকাণ্ডে স্মার্ট হতে হবে। সে লক্ষ্যে আমাদের কাজ করতে হবে। বুধবার (২২ মার্চ) বিকেলে ঢাকার জনসন রোডের একটি রেস্টুরেন্টে আয়োজিত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ময়মনসিংহ জেলা থেকে আসা ১৭তম ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ও আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৪। ময়মনসিংহের তারাকান্দায় প্রধানমন্ত্রীর উপহার জমিসহ গৃহ পেলো ২১টি পরিবার

ময়মনসিংহের তারাকান্দায় আশ্রয়ণ প্রকল্প-২ এর ৪র্থ পর্যায়ের আওতায় ভূমিহীন ও গৃহহীন ২১টি পরিবারের মাঝে জমিসহ ঘরের দলিল হস্তান্তর করা হয়েছে। বুধবার (২২ মার্চ) সকাল সাড়ে ১০টায় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে দলিল হস্তান্তর অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন। তারাকান্দা উপজেলা অডিটরিয়ামে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস এবং বিশেষ অতিথি হিসেবে ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান প্রমুখ বক্তব্য রাখেন। এদিন উপজেলায় অবস্থাকালীন সময়ে বিভাগীয় কমিশনার তারাকান্দার বিভিন্ন অফিস পরিদর্শন করেন এবং তারাকান্দা উপজেলা কমপ্লেক্স প্রাঙ্গণে গাছের চারা রোপন করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক সুবজ ও দৈনিক দেশের খবর।

০৫। কমলো হজের খরচ, বাড়লো নিবন্ধনের সময়

এ বছর হজের খরচ ১১ হাজার ৭২৫ টাকা কমানো হয়েছে। একইসঙ্গে হজযাত্রী নিবন্ধনের সময় ২৭ মার্চ পর্যন্ত বাড়ানো হয়েছে। বুধবার (২২ মার্চ) ধর্মবিষয়ক মন্ত্রণালয় থেকে এ বিষয়ে জরুরি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। চার দফা বাড়িয়েও কোটা পূরণ না হওয়ায় হজের খরচ কিছুটা কমানো হয়েছে। সূত্র: দৈনিক সুবজ, দৈনিক স্বজন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক আজকের খবর, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক দিনের পালা।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** চিকিৎসা উপকরণ উৎপাদন ও আমদানির ওপর ডলার সংকটের প্রভাব পড়ায় এসব সরঞ্জাম ও জীবন রক্ষাকারী ওষুধের মূল্যবৃদ্ধি পেয়েছে। এ অবস্থায় মানুষের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় ওষুধ ও চিকিৎসা সরঞ্জামের মূল্য সমন্বয় করতে হবে।
- (খ) **দৈনিক স্বজন:** ১৭টি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) ৬ নম্বরেই নিরাপদ পানি ও স্যানিটেশনের উল্লেখ রয়েছে। এই লক্ষ্যমাত্রা অর্জনে দেশে সরকারি-বেসরকারি পর্যায়ে চলছে নানা কার্যক্রম। তবে এর গতি আশানুরূপ না হওয়ায় নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা অর্জন নিয়ে সংশয় রয়েছে। আমরা আশা করবো সরকারের নীতিনির্ধারকরা এসব বিষয়ে বিশেষ দৃষ্টি দিবেন।
- (গ) **দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক দিনের পালা:** রমজান আসার আগেই যেভাবে নিত্যপণ্যের দাম বাড়ছে তা নিয়ন্ত্রণ করার কোনো উদ্যোগ দেখা যাচ্ছে না। নিত্য পণ্যের বাজার মনিটরিং করে জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে নিত্য পণ্য কেনার সুযোগ সৃষ্টি করতে হবে। যাতে মানুষ রমজানে চাপহীনভাবে রোজরত পালন করতে পারে।
- (ঘ) **দৈনিক সবুজ:** বাংলাদেশে সড়ক দুর্ঘটনায় মানুষের মৃত্যু একটি জাতীয় সমস্যা। তাই সড়কে নিরাপত্তা নিশ্চিত করা এবং এজন্য সময়ের ধারাবাহিকতায় সড়ক পরিবহন আইনে যে বিষয়গুলো সংযোজিত হয়েছে তার কঠোর বাস্তবায়ন জরুরি।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। সুখ দিবস ও আমাদের সুখ-চিরঞ্জন সরকার (দৈনিক স্বজন)
- ০২। বই পড়লে মস্তিষ্ক চিন্তা করার খোরাক পায়- এস এম মুকুল (দৈনিক সকালের দুনিয়া, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর ও দৈনিক দিনের পালা)
- ০৩। বিশুদ্ধ পানির জন্য প্রয়োজন ভূগর্ভস্থ পানি সুরক্ষা ও ব্যবহার নিয়ন্ত্রণ- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক সবুজ)

#